

সিআইপি (এন,আর,বি) ২০১৮ আবেদন এর নির্দেশাবলী(অনলাইন)

০১। ইন্টারনেট ব্রাউজার (Firefox/Google chrome) এর অ্যাড্রেস বার এ www.probashi.gov.bd লিখুন এবং প্রবেশ করুন।

০২। অতঃপর নিচের ৫ নং সেবা বক্স "বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (এনআরবি)" মেনুতে গিয়ে "সিআইপি আবেদন অনলাইন" লিঙ্ক এ ক্লিক করুন।

০৩। রেজিস্টার (Register) বাটন এ ক্লিক করুন এবং প্রয়োজনীয় তথ্য (আপনার ইমেইল ও পাসওয়ার্ড) টাইপ করুন। রেজিস্টার বাটন এ ক্লিক করলে আপনার ইমেইলে একটি ম্যাসেজ যাবে।

০৪। আপনার ই-মেইল টি চেক করুন এবং "Activate your Account" লিঙ্ক এ ক্লিক করে অনুমোদন প্রদান করুন।

০৫। Activate হবার পর স্বয়ংক্রিয় ভাবে আপনি সিআইপি ২০১৮ এর পাতায় প্রবেশ করবেন। অতঃপর Registration এ প্রদানকৃত ইমেইল ও পাসওয়ার্ড টাইপ করে লগইন করুন। ভুল পাসওয়ার্ডের ক্ষেত্রে "Forgot Password" এ ক্লিক করে পাসওয়ার্ডটি পুনরুদ্ধার করুন।

০৬। নিম্নের ন্যায় আবেদনের তিনটি ক্যাটেগরি দেয়া আছে। আপনার পছন্দের ক্যাটেগরিতে ক্লিক করে প্রতিটি ধাপ অনুসরণ করে ফরমটি পূরন করুন। Terms and Condition এ টিক মার্ক প্রদান করে Finish বাটন এ ক্লিক করুন। আপানার পূরনকৃত ফরমটির একটি Preview দেখা যাবে।

Apply Online

- ▶ Investment in Industrial Establishment
- ▶ Foreign Currency Remittance
- ▶ Importer of Bangladeshi Products

০৭। সংশোধন করার প্রয়োজন হলে উপরের দিকে ডান পার্শে For any kind of changes or correction please "Click Here" বাটনটিতে ক্লিক করুন।

০৮। সকল তথ্য সঠিকভাবে পূরন হলে নিচের দিকে Applicants Photo লেখাটির পার্শে ব্রাউজ করে আপনার পাসপোর্ট সাইজের ছবি আপলোড করুন এবং প্রয়োজনীয় প্রমানক সমূহের বিষয় " Name of File/Document" বক্সে টাইপ করুন এবং "File/Document" বক্সে উক্ত কাগজসমূহের সত্যায়িত Scanned Copy আপলোড করুন। অতঃপর Submit বাটন এ ক্লিক করুন।

০৯। পূর্বের পদ্ধতিতে আবেদনের ক্ষেত্রে, Application forms বক্স এ তিনটি ফরম দেয়া আছে যা ডাউনলোড করে বিজ্ঞপ্তি অনুযায়ী যথাযথভাবে পুরন করে সংযুক্তি সহ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে অথবা মিশন এর মাধ্যমে আবেদন করা যাবে।

Application forms

- ▶ Investment in Industrial Establishment
- ▶ Foreign Currency Remittance
- ▶ Importer of Bangladeshi Products

১০। প্রয়োজনে ict@probashi.gov.bd ইমেইল এ যোগাযোগ করুন।